**REGIONAL NEWS UNIT**
**ALL INDIA RADIO, AGARTALA**
**Date: 23-09-2025**
**Time: 07:55-08:05 PM Hrs**
**BENGALI EVENING BULLETIN**

---

**Headlines :**

**(১) মুখ্যমন্ত্রী অধ্যাপক ডাঃ মানিক সাহা বলেছেন, রাজ্য সরকার রাজ্যে বেআইনি অনুপ্রবেশ রোধে সবধরনের চেষ্টা চালিয়ে যাচ্ছে ।**

**(২) আয়ুষ্মান ভারত-প্রধানমন্ত্রী জন আরোগ্য যোজনা আজ সাত বছর পূর্ণ করেছে।**

**(৩) গোয়ার অল ইন্ডিয়া ইনস্টিটিউট অফ আয়ুর্বেদের ধারগল ক্যাম্পাসে দশম জাতীয় আয়ুর্বেদ দিবস উদযাপিত হয়।**

**(৪) রাষ্ট্রপতি দ্রৌপদী মুর্মু আজ নয়াদিল্লিতে ৭১তম জাতীয় চলচ্চিত্র পুরস্কার অনুষ্ঠানে বিজয়ীদের হাতে পুরস্কার তুলে দিয়েছেন।**

*****************************************

**Infiltration-CM :**

মুখ্যমন্ত্রী অধ্যাপক ডাঃ মানিক সাহা বলেছেন, রাজ্য সরকার রাজ্যে বেআইনি অনুপ্রবেশ রোধে সবধরনের চেষ্টা চালিয়ে যাচ্ছে। এ বিষয়ে কেন্দ্রীয় সরকারের নির্দিষ্ট গাইডলাইন অনুযায়ী রাজ্য সরকার গুরুত্ব দিয়ে কাজ করছে। আজ বিধানসভায় বিধায়ক রঞ্জিত দেববর্মার রাজ্যে অনুপ্রবেশ রুখতে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহনের বিষয়ে এক দৃষ্টি আকর্ষনী নোটিশের উপর আলোচনা করতে গিয়ে তিনি একথা বলেন। তিনি জানান, গত তিন বছরে বাংলাদেশ, মায়ানমার থেকে রাজ্যে ৩ হাজার ৫১৮ জনের অনুপ্রবেশ হয়েছে। তার মধ্যে আইনী পদক্ষেপের পর ২ হাজার ৭৩৯ জনকে যার যার দেশে ফেরত পাঠানো হয়েছে। মুখ্যমন্ত্রী বলেন, অনুপ্রবেশ রুখতে কেন্দ্রীয় সরকারের নির্দেশিকা অনুযায়ী বিশেষ টাস্ক ফোর্স গঠন করা ছাড়াও রাজ্য সরকার পুলিশের এস পি পদ মর্যাদার পুলিশের নেতৃত্বে

রাজ্যের সব জেলায় বিশেষ টাস্ক ফোর্স গঠন করা হয়েছে। তিনি বলেন, বেআইনি অনুপ্রবেশকারীদের আলাদাভাবে রাখার জন্য রাজ্য সরকারের সমাজ কল্যান ও সমাজ শিক্ষা দপ্তরের তত্বাবধানে আগরতলার নরসিংগড়ে একটি ডিটেনশন সেন্টার রয়েছে, যেখানে বর্তমানে ৯৫ জনকে রাখা হয়েছে। আলোচনায় অংশ নেন, বিদ্যুৎ মন্ত্রী রতন লাল নাথ, মৎস্য মন্ত্রী সুধাংশু দাস, বনমন্ত্রী অনিমেষ দেববর্মা, সমবায় মন্ত্রী শুক্লা চরন নোয়াতিয়া, রাষ্ট্রমন্ত্রী বৃষকেতু দেববর্মা বিধায়ক রঞ্জিত দেববর্মা, চিত্ত দেববর্মা, বিশ্বজিৎ কলই।

*****************************

**PM-JAY :**

আয়ুষ্মান ভারত-প্রধানমন্ত্রী জন আরোগ্য যোজনা আজ সাত বছর পূর্ণ করেছে। এই উপলক্ষ্যে মুখ্যমন্ত্রী অধ্যাপক ডাঃ মানিক সাহা এক বার্তায় বলেছেন, এই প্রকল্পে রাজ্যের ৫ লক্ষ ৪৯ হাজার পরিবারের মোট ১৬ লক্ষ ১৭ হাজার ৩৪৬ সুবিধাভোগীদের আয়ুষ্মান কার্ড প্রদান করা হয়েছে। এতে রাজ্যে লক্ষ্যমাত্রার ১০০ শতাংশ পরিবারকে প্রকল্পের আওতায় অন্তর্ভুক্ত করা হয়েছে।

মুখ্যমন্ত্রী জানান, আয়ুষ্মান ভারত প্রধানমন্ত্রী জন আরোগ্য যোজনায় এখন পর্যন্ত মোট ৪ লক্ষ ৭১ হাজার ২৪৭ জন সুবিধাভোগী রাজ্যের এবং বহি:রাজ্যের বিভিন্ন হাসপাতালে বিনামূল্যে চিকিৎসা পরিষেবা পেয়েছেন। এক্ষেত্রে মোট ২৫০ কোটি ৪৭ লক্ষ টাকার দাবি নিষ্পত্তি করা হয়েছে।

তিনি আরো জানান, রাজ্যে ২০২৪ সালের ১৫ ফেব্রুয়ারি থেকে চালু হওয়া মুখ্যমন্ত্রী জন আরোগ্য যোজনায় এখন পর্যন্ত ২ লক্ষ ৫২ হাজার ৩০টি পরিবারের ৫ লক্ষ ৪৯ হাজার ১৭০ জন সুবিধাভোগীকে আয়ুষ্মান কার্ড প্রদান করা হয়েছে। ইতিমধ্যে ৫১ হাজার ৩০১ জন সুবিধাভোগী রাজ্যের এবং বহিঃরাজ্যের বিভিন্ন হাসপাতালে মুখ্যমন্ত্রী জন আরোগ্য যোজনায় বিনামূল্যে চিকিৎসা পরিষেবা পেয়েছেন। এক্ষেত্রে প্রায় ২৬ কোটি ১০ লক্ষ টাকার দাবি নিষ্পত্তি করা হয়েছে। মুখ্যমন্ত্রী জন আরোগ্য যোজনায় রাজ্যে

১৩১টি সরকারি হাসপাতাল এবং সাতটি বেসরকারি হাসপাতালকে তালিকাভুক্ত করা হয়েছে।

****************************

**Voice Over-7 years of PM-JAY :**

আয়ুষ্মান ভারত-প্রধানমন্ত্রী জন আরোগ্য যোজনা আজ সাত বছর পূর্ণ করেছে। ২০১৮-র আজকের দিনে রাঁচি থেকে শুরু হয় বিশ্বের বৃহত্তম সরকারি অর্থায়নে পরিচালিত স্বাস্থ্যসেবা প্রকল্প। এই প্রকল্প ভারতের স্বাস্থ্যসেবার রূপান্তরণ বাস্তবায়িত করেছে। এর সুবিধা পৌঁছে গেছে ৫৫ কোটিরও বেশি চিকিৎসা প্রার্থী মানুষের কাছে। একটি প্রতিবেদন।

######VC######

************************

**GST bill passed :**

রাজ্য বিধানসভায় আজ দি ত্রিপুরা ষ্টেট গুডস এন্ড সার্ভিস ট্যাক্স নবম সংশোধনী বিল পাশ হয়েছে। এই বিলের উপর আলোচনা করতে গিয়ে মুখ্যমন্ত্রী অধ্যাপক ডাঃ মানিক সাহা বলেন, গতকাল থেকে সারা দেশে কার্যকর হওয়া জিএসটি-র হার হ্রাসে দেশের সাধারণ মানুষ, মহিলা, মধ্যবিত্ত শ্রেণী ক্ষুদ্র ব্যবসায়ীসহ বিরাট অংশের মানুষ উপকৃত হবেন। মুখ্যমন্ত্রী বলেন, এরমধ্যে দিয়ে দেশের অর্থনীতির ভিত আরও মজবুত হবে। আলেচনায় অংশ নিয়ে অর্থমন্ত্রী প্রণজিৎ সিংহ রায় বলেন, জিএসটি-র নয়া হারে সাধারণ মানুষ উপকৃত হবেন। আলোচনায় অংশ নেন বিরোধী দলের গোপাল চন্দ্র রায়, দীপঙ্কর সেন। The Tripura Shop & Establishment সপ্তম সংশোধনী বিল ও The Tripura Jan Vishwas সংশোধনী বিলও আজ বিধানসভায় পাশ হয়েছে।

******************************

**Update Akashvani :**

এখবর শুনছেন, আকাশবাণী আগরতলা কেন্দ্র থেকে।

#######Sound Byte#######

আকাশবাণীর সংবাদের আপডেট পেতে লগ ইন করুন – ডব্লিউ. ডব্লিউ. ডব্লিউ ডট নিউজ অন এ আই আর ডট কম এবং নিউজ অন এ-আই-আর অ্যাপ, এবং ট্যুইটার ও ফেসবুক প্লাটফর্মে-এ এ-আই-আর-নিউজ-এলার্টস-এ। ইউ-টিউব-এ লক্ষ্য করুন নিউজ-অন-এআইআর-অফিসিয়াল-এ।

এছাড়াও আকাশবাণী আগরতলার সংবাদ আপডেট পেতে দেখুন ট্যুইটার বা এক্স হ্যান্ডেলে আকাশবাণী নিউজ আগরতলা / ফেসবুকে এ-আই-আর নিউজ আগরতলা এবং ইউ টিউবে আকাশবাণী নিউজ আগরতলা।

****************************

**Ayurveda Diwas :**

গোয়ার অল ইন্ডিয়া ইনস্টিটিউট অফ আয়ুর্বেদের ধারগল ক্যাম্পাসে দশম জাতীয় আয়ুর্বেদ দিবস উদযাপিত হয়। গোয়ার রাজ্যপাল পুষ্পপতি অশোক গজপতি রাজু অনুষ্ঠানে সভাপতিত্ব করেন। মুখ্যমন্ত্রী ডঃ প্রমোদ সাওয়ান্ত, কেন্দ্রীয় আয়ুষ ও স্বাস্থ্য প্রতিমন্ত্রী শ্রী প্রতাপরাও যাদব এবং কেন্দ্রীয় বিদ্যুৎ নতুন ও পুনর্নবীকরণযোগ্য শক্তি প্রতিমন্ত্রী শ্রীপাদ নায়েকও অনুষ্ঠানে উপস্থিত ছিলেন। আয়ুষ মন্ত্রক এবং স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রক কর্তৃক আয়োজিত এই অনুষ্ঠানে মানুষ এবং গ্রহের জন্য আয়ুর্বেদের ভূমিকা তুলে ধরা হয়। এই উপলক্ষে, বিশিষ্ট ব্যক্তিরা ক্যান্সার চিকিৎসার জন্য একটি ইন্টিগ্রেটিভ অনকোলজি ইউনিট উদ্বোধন করেন এবং 'দেশ কা স্বাস্থ্য পরীক্ষা' প্রচারণা, APTA অ্যাপ, DRAVYA ওয়েব পোর্টাল এবং আয়ুর্বেদে নতুন গবেষণা উপকরণ সহ বেশ কয়েকটি উদ্যোগের সূচনা করেন।

****************************

**National Film AWARD :**

রাষ্ট্রপতি দ্রৌপদী মুর্মু আজ নতুনদিল্লিতে ৭১তম জাতীয় চলচ্চিত্র পুরস্কার অনুষ্ঠানে বিজয়ীদের হাতে পুরস্কার তুলে দিয়েছেন। সেরা পূর্ণদৈর্ঘ্য চলচ্চিত্রের

পুরস্কার দেওয়া হয় হিন্দি ছবি 'টুয়েলভথ ফেল'-কে, আর সেরা হিন্দি ছবির পুরস্কার দেওয়া হবে হিন্দি ছবি 'কাঠাল: আ জ্যাকফ্রুট মিস্ট্রি'-কে। সেরা অভিনেতা বিভাগে 'জওয়ান'- ছবির জন্য জাতীয় চলচ্চিত্র পুরস্কার পেয়েছেন অভিনেতা শাহরুখ খান এবং ''টুয়েলভথ ফেল'-এর জন্য অভিনেতা বিক্রান্ত ম্যাসি। কিংবদন্তি অভিনেতা, পরিচালক এবং প্রযোজক মোহনলালকে ২০২৩-র মর্যাদাপূর্ণ দাদাসাহেব ফালকে পুরস্কারে ভূষিত করা হয়। এছাড়া অভিনেত্রী রানি মুখার্জিকে 'মিসেস চ্যাটার্জি ভার্সেস নরওয়ে' ছবিতে অভিনয়ের জন্য সেরা অভিনেত্রীর পুরস্কার দেওয়া হয়েছে। সৌম্যজিৎ ঘোষ দস্তিদার পরিচালিত 'ফ্লাওয়ারিং ম্যান' সেরা নন-ফিচার ফিল্মের পুরস্কার পেয়েছে। এই বিভাগে পীযূষ ঠাকুর সেরা পরিচালকের পুরস্কার পেয়েছেন। গড ভালচার অ্যান্ড হিউম্যান সেরা তথ্যচিত্রের পুরস্কার পেয়েছে। জুরি বোর্ডের ঘোষণা অনুসারে, হিন্দি ছবি রকি ঔর রানি কি প্রেম কাহানি সুস্থ বিনোদনের জন্য সেরা জনপ্রিয় ছবির পুরস্কার পেয়েছে। শ্যাম বাহাদুর জাতীয়, সামাজিক এবং পরিবেশগত মূল্যবোধ প্রচারের জন্য সেরা পূর্ণদৈর্ঘ্য চলচ্চিত্র হিসেবে নির্বাচিত হয়েছে।

****************************

**Maan-Ki-Baat :**

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী আগামী ২৮-শে সেপ্টেম্বর, রবিবার সকাল ১১টায় আকাশবাণীর ‘মন-কি-বাত’ অনুষ্ঠানে দেশ-বিদেশের জনগনের সঙ্গে মতবিনিময় করবেন। এটি হবে ‘মন-কি-বাত’-এর ১২৬তম পর্ব। বেলা ১১টা থেকে আকাশবাণী এবং দূরদর্শনের সবকটি চ্যানেল এবং আকাশবাণীর নিউজ অন এ.আই.আর. ওয়েবসাইট, মোবাইল অ্যাপ, প্রধানমন্ত্রীর দফতর, তথ্য ও সম্প্রচারমন্ত্রকের ওয়েবসাইট ও ইউটিউব চ্যানেলেও “মন-কি-বাত” সম্প্রচারিত হবে। হিন্দিতে এই অনুষ্ঠান সম্প্রচারিত হবার পরেই আঞ্চলিক ভাষায় এর তর্জমা শোনা যাবে। নিঃশুল্ক নম্বর ১৮০০-১১-৭৮০০ নম্বরে ম্যাসেজ করে কিংবা মাই গভ বা নমো অ্যাপে মতামত জানানো যাবে।

******************************

**PM-Kusum :**

সাংসদ বিপ্লব কুমার দেব আজ জিরানীয়া মহকুমার বিশ্রামবাড়ি ও পশ্চিম বড়জলা এলাকায় পিএম কুসুম প্রকল্পের সুবিধাভোগীদের সঙ্গে মতবিনিময় করেন। উপস্থিত ছিলেন পশ্চিম ত্রিপুরা জিলা পরিষদের ভারপ্রাপ্ত সভাধিপতি বিশ্বজিৎ শীল, জিরানীয়া পঞ্চায়েত সমিতির চেয়ারম্যান প্রীতম দেবনাথ, জিরানীয়া নগর পঞ্চায়েতের চেয়ারম্যান রতন কুমার দাস প্রমুখ।

**************************

**Rajib Bhattacharjee Visit MG Bazar :**

সাংসদ রাজীব ভট্টাচার্য আজ আগরতলার মহারাজগঞ্জ বাজার পরিদর্শনে যান। পরবর্তী প্রজন্মের জন্য জিএসটি সংস্কারের ফলে বিভিন্ন ক্ষেত্রে করের হার হ্রাস করার বিষয়ে ব্যবসায়ীদের সঙ্গে মতবিনিময় করেন তিনি। জিএসটি সংস্কারের ফলে সাধারণ মানুষের কি ধরনের উপকার হবে সেই বিষয়ে তিনি আজ ক্রেতাদের সঙ্গেও সরাসরি কথা বলেন।

****************************

**GST-MP Biplab Kumar Deb :**

সাংসদ বিপ্লব কুমার দেব গতকাল আগরতলার দুর্গা চৌমুহনী বাজার পরিদর্শনে যান। পরবর্তী প্রজন্মের জন্য জিএসটি সংস্কারের ফলে বিভিন্ন ক্ষেত্রেই করের হার হ্রাস করার বিষয়ে ব্যবসায়ীদের সঙ্গে মতবিনিময় করেন।

*************************

**ADI KARMAYOGI ABHIYAAN :**

ঊনকোটি জেলায় ৩২টি ভিলেজ কাউন্সিলের মধ্যে ১৫টি ভিলেজ কাউন্সিলের ২১টি পাড়ায় আদি কর্মযোগী অভিযান বাস্তবায়িত হচ্ছে। আদি কর্মযোগী অভিযানের মূল উদ্দেশ্য হলো জনজাতিদের কাছে বিভিন্ন সরকারি সুবিধা পৌঁছে দেওয়া ও তাদের সামগ্রিক উন্নয়ন নিশ্চিত করা। আজ কৈলাসহর সার্কিট হাউসে সাংবাদিক সম্মেলনে একথা জানান জেলাশাসক ড. তমাল

মজুমদার। তিনি জানান, আদি কর্মযোগী অভিযান উপলক্ষ্যে আগামী দোসরা অক্টোবর কুমারঘাট ব্লকের রাজকান্দি গ্রামে এক অনুষ্ঠানের আয়োজন করা হবে।

*****************************

**Fish Farmers :**

সিপাহীজলা জেলা মৎস্য দপ্তরের পক্ষ থেকে গত বছরের বন্যায় ক্ষতিগ্রস্ত মৎস্যচাষীদের আজ দ্বিতীয় দফার আর্থিক সহায়তা প্রদান করা হয়। এই জেলার মোট ৫০ জন মৎস্যচাষীকে ৬০০০ টাকা করে আর্থিক সহায়তা ও মৎস্য সামগ্রী প্রদান করা হয়। এ উপলক্ষ্যে আয়োজিত অনুষ্ঠানে উপস্থিত ছিলেন সিপাহীজলা জিলা পরিষদের সভাধিপতি সুপ্রিয়া দাস দত্ত, বিশালগড় পুর পরিষদের চেয়ারপার্সন অঞ্জন পুরকায়স্থ প্রমুখ।

****************************

**Namo Marathon :**

সেবাপক্ষ কর্মসূচির অঙ্গ হিসেবে আজ বিশ্রামগঞ্জে সিপাহীজলা জেলাভিত্তিক নমো ম্যারাথন অনুষ্ঠিত হয়। অনূর্ধ্ব-১৪ ও অনূর্ধ্ব-১৭ বয়সের বালক ও বালিকাদের মধ্যে এই ম্যারাথন প্রতিযোগিতা অনুষ্ঠিত হয়। নমো ম্যারাথনের সূচনা করেন সিপাহীজলা জিলা পরিষদের সভাধিপতি সুপ্রিয়া দাস দত্ত। ম্যারাথন দৌড়টি বিশ্রামগঞ্জ দ্বাদশ শ্রেণি বিদ্যালয় থেকে শুরু হয়ে মাস্টার পাড়া, তক্সাপাড়া হয়ে বিশ্রামগঞ্জস্থিত শচীন দেববর্মণ স্মৃতি মাল্টিপারপাস কলাক্ষেত্রের প্রাঙ্গণে এসে শেষ হয়।

*****************************

**Weather :**

আগামীকাল আকাশ সাধারণত মেঘাচ্ছন্ন থাকবে। আগামীকাল দিনের সর্বোচ্চ তাপমাত্রা ৩৫ ডিগ্রি সেলসিয়াস এবং সর্বনিম্ন ২৭ ডিগ্রি সেলসিয়াস এর কাছাকাছি থাকতে পারে। আজ দিনের সর্বোচ্চ তাপমাত্রা ছিল ৩৪ ডিগ্রি সেলসিয়াস এবং সর্বনিম্ন ২৬.৪ ডিগ্রি সেলসিয়াস।

* * * * * * * * * * * * * * * * * * * * * * * * * * *